

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৯-০১-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৬-০১-২০২৩ থেকে ১৮-০১-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

**১৬ই ডিসেম্বর :** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার ও দার্জিলিং জেলার দুয়েক জায়গা ঘন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০ থেকে ১৯৯ মিটার) থেকে অতি ঘন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০ মিটার এর কম) কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন (স্বাভাবিক দৃশ্যমানতা: ২০০ থেকে ৯৯৯ মিটার) ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গা হালকা কুয়াশাচ্ছন্ন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০০ থেকে ৯৯৯ মিটার) ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

## উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

**১৭ই ডিসেম্বর :** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় তীব্র শীতল দিনের পরিস্থিতি ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গা ঘন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০ থেকে ১৯৯ মিটার) থেকে অতি ঘন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০ মিটার এর কম) কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার কয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন (স্বাভাবিক দৃশ্যমানতা: ২০০ থেকে ৯৯৯ মিটার) ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

## উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

**১৮ই ডিসেম্বর:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গা অতি ঘন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০ মিটার এর কম) কুয়াশাচ্ছন্ন ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোর দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন (স্বাভাবিক দৃশ্যমানতা: ২০০ থেকে ৯৯৯ মিটার) ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গা হালকা কুয়াশাচ্ছন্ন (স্বাভাবিক দৃশ্যমানতা: ৫০০ থেকে ৯৯৯ মিটার) ছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই**

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে):** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭০ থেকে ৯৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৩ থেকে ৯৫ শতাংশ।

**সর্বনিম্ন তাপমাত্রা:** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে ১৭-০১-২০২৩ তারিখে পুরুলিয়া তে সর্বনিম্ন তাপমাত্রা ১০.১ ডিগ্রী সেলসিয়াস ছিল।

## রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
১৬-০১-২০২৩	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, বালুরঘাট, বহরমপুর, দীঘা	কাঁথি	--	মালদা, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম	--
১৭-০১-২০২৩	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, মেদিনীপুর, দমদম, কাঁথি, দীঘা	কোচবিহার	--	আলিপুর	--
১৮-০১-২০২৩	কালিম্পং, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, কাঁথি	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার	--	মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	--

**পরবর্তী ৩ দিন ( ২০-০১-২০২৩ থেকে ২২-০১-২০২৩ অবধি ) ভারতীয়  
সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :**

### দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন থাকার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গে আগামী ২৪ ঘন্টা রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না, পরবর্তী ৪ দিন রাতের তাপমাত্রা ধীরে ধীরে ২-৪ ডিগ্রী বাড়বে।

## দিন ২-

পশ্চিমবঙ্গের সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের সব জেলাগুলোর দুয়েক জায়গা হালকা থেকে মাঝারি কুয়াশাচ্ছন্ন থাকার সম্ভাবনা আছে।

## দিন ৩ -

পশ্চিমবঙ্গের সব জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

## সতর্কীকরণ:

### দিন ১ -

কোনো সতর্কবার্তা নেই।

### দিন ২-

কোনো সতর্কবার্তা নেই।

### দিন ৩ -

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

*স্বাক্ষরিত*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

১৯-০১-২০২৩